Department of Education
Chancellor Richard A. Carranza

11 ডিসেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

সাম্প্রতিক সংক্ষিপ্ত বন্ধের পর সশরীরে উপস্থিত শিক্ষা নির্দেশনার জন্য আমাদের স্কুল ভবনগুলো পুনরায় খোলায়, কী উদ্দীপনাময় একটা সপ্তাহ পেরিয়ে গেল। আমি আমাদের শিক্ষার্থী ও পরিবার, প্রিন্সিপ্যাল, এবং স্কুল কর্মীগণকে নিরাপদ ও নির্ঝঞ্ঝাটভাবে পুনরায় খোলার জন্য ধন্যবাদ জানাতে চাই। আমি জানি এটা সহজ ছিল না, কিন্তু আমাদের সিটি এবং জাতির ভবিষ্যতের জন্য গণশিক্ষা অপরিহার্য, এবং সেজন্য আমাদের স্কুল কমিউনিটির বিকাশ ঘটাতে আমাদের সম্ভাব্য সক্ষমতা অনুযায়ী অব্যাহতভাবে সবকিছু করছি।

নিউ ইয়র্ক সিটির সকল প্রান্ত থেকে সহায়তা নিয়ে আমরা 3-K থেকে পঞ্চম গ্রেড পর্যন্ত, এবং ডিস্ট্রিক্ট 75-এর স্কুলগুলোর সকল শিক্ষার্থীদের ক্লাসরুমে ফিরিয়ে আনতে সক্ষম হয়েছি। আপনাদের প্রতি করা অঙ্গীকার পূরণে এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ: একটি নিরাপদ, সুরক্ষিত পরিবেশ প্রদান করা যেখানে আপনার সন্তান শিখতে ও বেড়ে উঠতে পারে। এবং দ্রুত স্মরণ করিয়ে দিতে চাই: সবার জন্য মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং সর্বোচ্চ পর্যায়ে কার্যকর করতে পারার জন্য, আমাদের আপনার সন্তানের তার সময়সূচিকৃত সশরীরে উপস্থিত হবার দিনগুলোতে উপস্থিত হওয়া প্রয়োজন। ডিস্ট্রিক্ট 1-31 স্কুলগুলোর পাশাপাশি ডিস্ট্রিক্ট 75 ইনক্লুশন প্রোগ্রামগুলোর 6 থেকে 12 গ্রেডের শিক্ষার্থীরা বর্তমানে দূর থেকে বা রিমোটভাবে পড়াশোনা অব্যাহত রাখবে।

দুঃখজনকভাবে, COVID-19 আমাদের মাঝে এখনও বিদ্যমান। সিটিব্যাপী সংক্রমণ বৃদ্ধি রোধে অব্যাহত লড়াইয়ে, অনুগ্রহ করে লক্ষ্য করুন যে আমরা আমাদের স্কুলের অভ্যন্তরের পরীক্ষণ নিয়ম-নীতি পরিবর্তন করেছি। আমাদের বিল্ডিংগুলো খোলা রাখতে, আমরা এখন কর্মীবৃন্দ এবং প্রথম থেকে উচ্চতর গ্রেডের শিক্ষার্থীদের মাঝ থেকে এলোমেলোভাবে বেছে নিয়ে **স্কুলের অভ্যন্তরে সাপ্তাহিক ভিত্তিতে COVID-19 পরীক্ষা করা এখন বাধ্যতামূলক।**

এবং এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ: যদি আপনার সন্তান সম্মতি ফর্ম ছাড়া সশরীরে উপস্থিত শিক্ষা নির্দেশনার জন্য স্কুলে উপস্থিত হয়, তবে প্রিন্সিপ্যাল ও স্কুলের স্টাফ সম্মতি সংগ্রহের জন্য আপনার সাথে যোগাযোগ করবে। এরপর, যেসব শিক্ষার্থীর সম্মতির ফর্ম ফাইলে থাকবে না, যাদের কোনো অনুমোদিত চিকিৎসাগত বা প্রতিবন্ধিতা-ভিত্তিক অব্যাহতি থাকে নেই, তাদের অবশ্যই পুরোপুরি দূর থেকে বা রিমোট শিক্ষা নির্দেশনায় স্থানান্তর করা হবে।

পরিবারদের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্যে, আপনি উল্লিখিত তথ্যগুলো পাবেন:

- বাধ্যতামূলক, স্কুলের অভ্যন্তরে পরীক্ষণ সম্পর্কে আপনার কী জানা প্রয়োজন
- স্কুলের অভ্যন্তরে এলোমেলোভাবে বেছে করা পরীক্ষণ বা টেস্টিংয়ের জন্য কীভাবে সম্মতি জমা দিতে হবে
- যদি আপনার সন্তান সম্প্রতি ভ্রমণ করে থাকে তাহলে কী করতে হবে
- স্কুলের অভ্যন্তরে পরীক্ষণ থেকে ছাড় বা অব্যাহতি সম্পর্কে আপনার কী জানা প্রয়োজন
- 2021– 2022 শিক্ষা বছরে কিন্ডারগার্টেনে কীভাবে আবেদন করতে হবে
- এলিমেন্টারিতে ভর্তি সম্পর্কে কীভাবে আরো জানা যাবে
- প্যারেন্ট ইউনিভার্সিটি, যা পরিবারদের বর্তমান চাহিদাযুক্ত কোর্সসমূহ এবং বিভিধ বিষয়বস্তুর উপর রিসোর্সসমূহ প্রদানকারী একটি নতুন প্ল্যাটফর্ম - সেটায় কীভাবে অংশগ্রহণ করা যাবে।

যেহেতু এই মহামারীর সাথে অনেক অনিশ্চয়তা চলে এসেছে, আমরা আমাদের ঐতিহ্য বজায় রাখায় অঙ্গীকারবদ্ধ, যা আমাদের স্মরণ করিয়ে দেয় আমরা একটি কমিউনিটি। সেগুলোর একটি হচ্ছে আমাদের শিক্ষক ও কলেজ ও ক্যারিয়ার কাউন্সিলারদের সম্মান প্রদানকারী বার্ষিক বিগ অ্যাপেল অ্যাওয়ার্ডস্। এই বছর, শিক্ষক ও কাউন্সিলার যারা আপনার সন্তানের জীবনে অবদান রেখেছেন তাদের সম্মান জানানো বিশেষভাবে

Department of Education
Chancellor Richard A. Carranza

গুরুত্বপূর্ণ অনুভূত হচ্ছে। বিগ অ্যাপেল অ্যাওয়ার্ডস্-এর ওয়েবসাইট schools.nyc.gov/bigappleawards ভিজিট করে 10 জানুয়ারি, 2021 তারিখের মধ্যে একজন শিক্ষককে মনোনয়ন করুন।

বরাবরের মতই, এই অভাবনীয় বছরে একসাথে আমাদের যাত্রা অব্যাহত রাখায় আপনার নমনীয়তা এবং ধৈর্যের জন্য আমি কৃতজ্ঞ। Covid-19 আমাদের ছেলেমেয়েদের উপর প্রভাব ফেলছে এতে কোনো সন্দেহ নেই—অ্যাকাডেমিক, সামাজিক, এবং মানসিকভাবে—এবং আমরা ইতোমধ্যেই আসন্ন শিক্ষা বছরের জন্য প্রস্তুত হচ্ছি। এই সপ্তাহে, পরবর্তী ফল বা হেমন্তে আমাদের স্কুলগুলোকে আরো দৃঢ়ভাবে ফিরিয়ে আনতে মেয়র এবং আমি 2021 স্টুডেন্ট অ্যাচিভমেন্ট প্ল্যান (শিক্ষার্থী সাফল্য পরিকল্পনা) উপস্থাপন করছি। আমাদের শিক্ষকবৃন্দ এবং আপনাদের সকলের সাথে কাজ করে, আমরা একটি পথ তৈরি করবো যা নিরাময় এবং শিক্ষণে গভীরভাবে নিবদ্ধ থাকবে। আসন্ন মাসগুলোতে আমি আরো তথ্য প্রদান করবো।

আমি জানি যে প্রতিটি শিক্ষার্থীকে প্রতিদিন একটি দৃঢ়, সহযোগিতামূলক শিক্ষা নিশ্চিত করতে আমরা আমাদের দায়িত্ব পালন করবো—তারা যেখান থেকেই শিক্ষা গ্রহণ করুক না কেন।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Department of Education
Chancellor Richard A. Carranza

পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্য, শুক্রবার, 11 ডিসেম্বর, 2020

স্কুলের অভ্যন্তরে বাধ্যতামূলক পরীক্ষণ সম্পর্কে আপনার কী জানা প্রয়োজন

আপনার সন্তানের স্কুলে পুনরায় ফিরে আসার জন্য, আপনাকে অবশ্যই তার স্কুল ভবনে ফিরে আসার প্রথম দিনে স্কুলের অভ্যন্তরে COVID-19 পরীক্ষা করার সম্মতি ফর্ম জমা দিতে হবে।

- আপনার সন্তানের স্কুলের শিক্ষার্থী ও স্টাফদের মাঝ থেকে এলোমেলোভাবে বেছে নিয়ে সাপ্তাহিকভাবে পরীক্ষা করা হবে।
- প্রথম (1) গ্রেড থেকে উচ্চ গ্রেডের যেকোনো শিক্ষার্থীকে স্কুল ভবনগুলোতে ফিরে আসতে হলে অবশ্যই তার স্কুল ভবনে ফিরে আসার প্রথম দিনে স্কুলের অভ্যন্তরে COVID-19 পরীক্ষা করার সম্মতি ফর্ম জমা দিতে হবে।
- এলোমেলোভাবে বেছে নিয়ে পরীক্ষা বা টেস্টিং করা থেকে 3-K, প্রি-K, এবং কিন্ডারগার্টেন শিক্ষার্থীরা অব্যাহতি পাবে।
- পরীক্ষাটি দ্রুত, নিরাপদ, এবং সহজ। যদি আপনি একটি সম্মতি ফর্ম জমা না দিয়ে থাকেন এবং আপনার সন্তান সশরীরে শিক্ষা গ্রহণ করছে, তবে আপনাকে অবশ্যই তাৎক্ষণিকভাবে করতে হবে।

স্কুলের অভ্যন্তরে এলোমেলোভাবে বেছে করা পরীক্ষণ বা টেস্টিংয়ের জন্য কীভাবে সম্মতি জমা দিতে হবে

স্কুলের অভ্যন্তরে আপনার সন্তানের COVID-19 পরীক্ষা করার সম্মতি পত্র জমা দেয়া দ্রুত ও সহজ। আপনি যদি ইতোমধ্যে একটি সম্মতি জমা দিয়েও থাকেন, ফাইলে সর্বসাম্প্রতিক সম্মতিটি রয়েছে তা নিশ্চিত করতে আমরা আপনাকে আবার জমা দিতে অনুরোধ করছি।

জমা দেয়ার দুইটি সহজ উপায় হচ্ছে:

1) অনলাইনে mystudent.nyc একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) ব্যবহার করে ফর্মটি পূরণ করুন।

যদি আপনার শিক্ষার্থীর(দের) সাথে সংযুক্ত একটি NYCSA অ্যাকাউন্ট ইতোমধ্যে থেকে থাকে: লগ ইন করুন, আপনার শিক্ষার্থীর নামে ক্লিক করুন, "অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ (Manage Account)"-এ ক্লিক করুন, এবং এরপর যখন একটি ড্রপডাউন মেন্যু আবির্ভূত হয়, "সম্মতি ফর্মসমূহ (Consent Forms)"-এ ক্লিক করুন। পৃষ্ঠাটি পড়ুন, এবং এরপর একেবারে শেষে আপনার সন্তানের জন্য সম্মতি অপশনটি বেছে নিন।

যদি আপনার ইতোমধ্যেই একটি NYCSA অ্যাকাউন্ট না থেকে থাকে: আপনি এখনই একটি তৈরি করতে পারেন! যদি আপনার স্কুলে থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে থাকে, আপনি আনুমানিক পাঁচ মিনিটে একটি পূর্ণ অ্যাকাউন্ট তৈরি করতে পারবেন, এবং এরপর উপরিল্লিখিত সম্মতি প্রদান করতে পারবেন। যদি আপনার স্কুল থেকে একটি অ্যাকাউন্ট তৈরি করার (ক্রিয়েশন) কোড থেকে না থাকে, আপনি তারপরও সম্মতি প্রদান করতে পারেন "COVID-19 Testing (পরীক্ষণ)" -এর অধীনে "সম্মতি নিয়ন্ত্রণ (Manage Consent)"-এ ক্লিক করে এবং আপনি ও আপনার সন্তানের তথ্য প্রদান করে।

2) সংযুক্ত ফর্মটি ইংরেজি বড় অক্ষরে পূরণ ও স্বাক্ষর করে আপনার সন্তানের স্কুল বিল্ডিংয়ে ফিরে আসার প্রথম দিন তার স্কুলে সাথে নিয়ে আসুন। একটি মুদ্রণযোগ্য PDF ফাইল দশটি ভাষায় পাওয়া যাবে schools.nyc.gov/covidtesting -সাইটে।

যদি আপনার সন্তান সম্প্রতি ভ্রমণ করে থাকে তাহলে কী করতে হবে

- যদি আপনার সন্তান সম্প্রতি নিউ ইয়র্কের বাহিরে কোনো স্টেট যেটা ট্র্যাভেল অ্যাডভাইজরি (ভ্রমণ বিষয়ক উপদেশক) তালিকায় রয়েছে সেটা থেকে ভ্রমণ করে আসে, তবে তাকে অবশ্যই 14 দিন কোয়ারেন্টাইন করতে হবে।

- এছাড়াও স্টেটের পথনির্দেশনা: https://coronavirus.health.ny.gov/covid-19-travel-advisory অনুযায়ী তার কোয়ারেন্টাইন থেকে পরীক্ষা করার মাধ্যমে বের হবার সুযোগ রয়েছে।
- আপনি অথবা আপনার সন্তানের স্বাস্থ্য বিষয়ক প্রশ্নাবলী প্রতিদিন পূরণ করা অব্যাহত রাখা উচিত।

স্কুলের অভ্যন্তরে পরীক্ষণ থেকে ছাড় বা অব্যাহতি সম্পর্কে আপনার কী জানা প্রয়োজন

Exemptions will only be granted in certain limited cases, and two types of exemption request forms are available at schools.nyc.gov/covidtesting:

- যেসব শিক্ষার্থীর চিকিৎসাগত কারণে অব্যাহতি প্রয়োজন, কোনো স্বাস্থ্যগত কারণে টেস্টিং করা নিরাপদ হবে না (যেমন, মুখমণ্ডলে আঘাত, নাকে অস্ত্রোপচার), তাদের জন্য একটি ফর্ম। এই ফর্মটি অবশ্যই একজন ডাক্তারের দ্বারা স্বাক্ষরিত হতে হবে এবং প্রমাণিক চিকিৎসা সংক্রান্ত নথি বা ডক্যুমেন্ট সহ জমা দিতে হবে।
- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য যাদের প্রতিবন্ধিতার প্রকৃতির কারণে নিরাপদে পরীক্ষা করা যাবে না। প্রতিবন্ধিতা জনিত কারণে অনুমোদিত ছাড় বা অব্যাহতি সহ শিক্ষার্থীদের স্কুলের বাহিরে পরীক্ষা গ্রহণ করতে হবে।

2021– 2022 শিক্ষা বছরে কিন্ডারগার্টেনে কীভাবে আবেদন করতে হবে

আপনার সন্তানের এলিমেন্টারি স্কুলের যাত্রা শুরু করার এখনই সময়! যদি আপনি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করেন এবং আপনার সন্তান 2016 সালে জন্মগ্রহণ করে থাকে, তাহলে আপনার জন্য কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন এখন উন্মুক্ত। 19 জানুয়ারি, 2021-এর মধ্যে আবেদন করতে ভুলবেন না।

আপনি দুটি পদ্ধতির যেকোনো একটিতে আবেদন করতে পারেন:

- অনলাইনে MySchools.nyc ঠিকানায়। আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে অথবা দেখতে লিংকে ক্লিক করুন।
- ফোনে (718) 935- 2009 নম্বরে। সোমবার থেকে শুক্রবার সকাল 8 a.m. থেকে সন্ধ্যা 6 p.m. পর্যন্ত, অথবা শনিবার থেকে রবিবার সকাল 9 a.m. থেকে দুপুর 1 p.m.-এর মধ্যে ফোন করুন

মাইস্কুলস্-এর মাধ্যমে আপনি স্কুল অনুসন্ধান করতে পারেন, চমৎকার পছন্দসমূহ বেছে নিতে পারেন, এবং কিন্ডারগার্টেনে আবেদন করতে পারেন — সব একই স্থানে।

অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট সম্পর্কে আরও জানতে হলে schools.nyc.gov/kindergarten ভিজিট করুন।

কী প্রত্যাশা করতে পারেন, কীভাবে আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে পারেন, এবং কীভাবে আবেদন করতে হবে সেবিষয়ে আমাদের নতুন এলিমেন্টারি অ্যাডমিশন্স ভিডিও সিরিজ পথনির্দেশনা দেবে। নজর রাখুন: শীঘ্রই আরও ভিডিও আসবে!

প্রশ্নের জন্য, ফোন করুন (718) 935-2009 নম্বরে অথবা ইমেইল করুন ESEnrollment@schools.nyc.gov ঠিকানায়।

এলিমেন্টারিতে ভর্তি সম্পর্কে কীভাবে আরো জানা যাবে

3-K, প্রি-K, এবং কিন্ডারগার্টেন অ্যাডমিশন্স সম্পর্কে জানতে একটি ভার্চুয়াল এলিমেন্টারি ভর্তির অনুষ্ঠানে আমাদের সাথে যোগ দিন। কী প্রত্যাশা করতে হবে এবং কীভাবে আবেদন করতে হবে তা জানুন। নিউ ইয়র্ক সিটির সকল পরিবার স্বাগত।

সেশনগুলো নিম্নলিখিত তারিখগুলোতে অনুষ্ঠিত হবে:

- মঙ্গলবার, 15 ডিসেম্বর, বিকেল 2 p.m.
- বৃহস্পতিবার, 17 ডিসেম্বর, সন্ধ্যা 6 p.m.
- বুধবার, 6 জানুয়ারি, সন্ধ্যা 6 p.m.
- বৃহস্পতিবার, 7 জানুয়ারি, সন্ধ্যা 6 p.m. এই অনুষ্ঠানটি স্প্যানিশ ভাষায় অনুষ্ঠিত হবে।
- মঙ্গলবার, 12 জানুয়ারি, সন্ধ্যা 2 p.m.

সেশনের জন্য tinyurl.com/NYCDOEElementaryEventsSurvey সাইটে রেজিস্টার করুন। যখন আপনি রেজিস্টার করবেন, আপনার পছন্দের ভাষা উল্লেখ করতে ভুলবেন না—এই জবাবগুলোর উপর ভিত্তি করে প্রতিটি সেশনে সুনির্দিষ্ট ভাষায় দোভাষ পরিষেবা দেয়া হবে।

প্যারেন্ট ইউনিভার্সিটিতে কীভাবে অংশগ্রহণ করা যাবে

প্যারেন্ট ইউনির্ভাসিটি একটি নতুন অনলাইন প্ল্যাটফর্ম যা পরিবারদের সংযুক্ত করতে ও শিক্ষার্থীদের সহায়তা করতে বিবিধ কোর্স, সরাসরি অনুষ্ঠান, এবং কার্যক্রমের তালিকা অফার করে। প্ল্যাটফর্মটি সকল নিউ ইয়র্ক সিটি পরিবার এবং অভিভাবকদের বিবিধ বিষয়বস্তুর ক্ষেত্রে ও গ্রেড স্তরে সরাসরি ও বর্তমান-চাহিদাযুক্ত কোর্স ও সংস্থান পাবার সুযোগ দেয়। কোর্সগুলো একাধিক ভাষায় লভ্য রয়েছে এবং একাধিক ভাষায় প্রদান করা সম্প্রসারণের জন্য কাজ করছি।

আর্লি চাইল্ডহুড থেকে প্রাপ্তবয়স্ক শিক্ষার সকল পরিবার, একটি বিনামূল্যে অ্যাকাউন্ট তৈরি করতে পারেন, এবং কর্মশালার জন্য রেজিস্টার করতে পারে, অনুষ্ঠানে যোগ দিতে পারেন, কোনো প্রশিক্ষণ ও অন্যান্য বিষয় খুঁজতে পারেন। বর্তমানে বিবিধ বিষয়বস্তুতে 95+ কোর্সসমূহ অফার করছে, এতে অন্তর্ভুক্ত:

- রিমোট লার্নিং অ্যান্ড টেকনোলজি (দূর থেকে শিক্ষা ও প্রযুক্তি)
- হেলথ অ্যান্ড ওয়েলনেস (স্বাস্থ্য ও মঙ্গল)
- স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা)
- মাল্টিলিংগুয়াল লার্নার্স (বহু ভাষার শিক্ষার্থী)
- আর্লি চাইল্ডহুড এডুকেশন
- প্যারেন্ট লিডারশিপ (পিতামাতার নেতৃত্ব)
- স্কুল ভবন এবং অপারেশনসমূহ
- অ্যাডাল্ট অ্যান্ড কন্টিনিউইং এডুকেশন

আপনি আজই প্যারেন্ট ইউনিভার্সিটি শুরু করতে পারেন parentu.schools.nyc।